পৃথ্বী বসু

# তোমার দুঃখের দিন

যে পাখি পাহাড়ে উঠে কোনোদিনও লোভনীয় শিস্
দিতে পারল না, ভাবি, একা একা বনের ভিতরে
মারা গেল তারপর কুয়াশায়, শীতে সন্ধ্যা ঘন—
সেই শিস্ বেজে ওঠে আজ আমার পাঁজরে পাঁজরে

সামান্য আশ্রয় তুমি দিতে পারতে হাতের তালুতে
সামান্য আশ্রয় তুমি দিতে পারতে চোখের পাতায়
তোমার দুঃখের দিন তুমি কেন একা একা যাবে?
এসো আজ জড়ো হই আমাদের পুরোনো কাঁথায়

এই শীর্ণ ভাড়াবাড়ি, দু-দিনের আসা-যাওয়া ঘরে
এত ঈর্ষা, শোক কেন? আঘাতে আঘাতে দেখি ক্ষয়
তোমার দুঃখের দিন তুমি কেন একা একা যাবে?
'ছাতা ছাড়া হেঁটে যাচ্ছে মানুষের আহত হৃদয়'—

এই কথা ভেবে আমি পাহাড়ে পাহাড়ে ফেলি শ্বাস।
আশ্রয়, আশ্রয়, জল। চিতাভস্ম মেখে নিই, ছাই
তোমার দুঃখের দিন তুমি কেন একা যাবে বলো?
আমি আসছি দ্যাখো আরও দুঃখ নিয়ে বোঝাই বোঝাই।